# উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণি

স্থান- উপজেলা পরিষদ সভাকক্ষ

শাজাহানপুর, বগুড়া।

০৩ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ/১৮ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ; সকাল ১০.৩০টা

সভাপতি ঃ মোঃ সোহরাব হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাজাহানপুর, বগুড়া।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট-'ক' (সংরক্ষিত রেজিষ্টার)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ি সভা পরিচালনা করার জন্য জনাব আসিফ আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়াকে আহবান জানান। উপজেলা নির্বাহী অফিসার সভাপতিকে ধন্যবাদ এবং উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ি আলোচনা করেন এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

আলোচ্যসূচি-০১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

উপজেলা নির্বাহী অফিসার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অতঃপর কোন সংশোধণী না থাকায় তা সর্বসম্মতক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| ক্র.ন. | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি |
|---|---|---|---|---|
| ০২ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের এডিপি ও রাজস্ব উন্নয়ন (উদ্বৃত্ত) তহবিলের অর্থ দ্বারা প্রকল্প যাচাই-বাছাইপূর্বক দ্রুত অনুমোদন হওয়া প্রয়োজন। অগ্রাধিকারমূলক ও জনগুরুত্বপূর্ণ প্রকল্প যেন যথা সময়ে গ্রহণ ও বাস্তবায়ন করা যায় সে বিষয়ে দৃষ্টি রাখার জন্য জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ এর ০৬ নং অনুচ্ছেদের উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচীর খাতওয়ারি বিভাজনের আলোকে অর্থ বিভাজন করতে হবে এবং প্রকল্প দাখিল করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌলশী |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা বলেন, স্কুল কলেজের ১২ থেকে ১৭ বছর বয়সী শিক্ষার্থীদের করোনা ভাইরাসের টিকাদান কর্মসূচি ঢাকায় উদ্বোধন করা হয়েছে। পর্যায়ক্রমে দেশের সকল জেলায় স্কুলের শিক্ষার্থীদের টিকা দেয়া হবে। তিনি আরও জানান, টিকা নিবন্ধনের মাধ্যমে উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারি, গর্ভবতি মহিলা, ষাটোর্ধ্ব বয়সী নারী-পুরুষ, শিক্ষার্থী ও দুগ্ধদানকারি মায়েদের সুরক্ষা নিশ্চিত করতে অগ্রাধিকার ভিত্তিক টিকা প্রদান কার্যক্রম অব্যহত রয়েছে। তিনি এ বিষয়ে ব্যপক প্রচার ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারে উদ্যোক্তাদের মাধ্যমে নিবন্ধন বাড়ানোর জন্য ইউপি চেয়ারম্যানগণ ও উপস্থিত সকলের প্রতি অনুরোধ জানান। | স্বাস্থ্য সেবার মান উন্নয়ন ও করোনা ভাইরাস প্রতিরোধে চিকিৎসকদের আন্তরিকভাবে কাজ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য প.প. কর্মকর্তা |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা অবহিত করেন যে, ২০২১-২০২২ সালের রবি মৌসুমে উন্নতমানের বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের প্রদর্শণী স্থাপন করা হয়েছে এবং কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তৎসহ বিনামূল্যে সরকারিভাবে সার বীজ সরবরাহ দেওয়া হয়েছে। ২০২১-২০২২ সালের খরিপ-১ মৌসুমে কৃষকের জমিতে শীতকালীন শাকসবজীর আবাদ রয়েছে। বর্তমানে ফসলের অবস্থা ভালো। রাসাইনিক সার ও জ্বালানি তেলের সংকট নেই। | ১। শীতকালীন শাকসজী চাষে কৃষকদের উদ্বুদ্ধকরণ ও ফসলের রোগ বালাই রোধে সচেতনতা বৃদ্ধি করতে হবে।<br>২। চলতি মৌসুমে সার বীজ সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, গবাদিপ্রাণির চিকিৎসা ও ভ্যাকসিনেশন কার্যক্রম রয়েছে। বর্তমানে শীত কাল চলছে। শীত কালে গবাদী পশু ও হাঁস মুরগির বিভিন্ন রোগের প্রাদুর্ভাব দেখা যায়। সে ব্যপারে তার দপ্তর সতর্ক রয়েছে। তিনি আরও জানান, নিরাপদ মাংস, দুধ ও ডিম উৎপাদনের লক্ষ্যে পোল্ট্রি ও ডেইরী খামার নিয়মিত পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হচ্ছে। সভায় জনপ্রতিনিধিদের এসব বিষয়ে জনসচেতনতা বাড়ানোর জন্য তিনি অনুরোধ জানান। বিভাগীয় কার্যক্রম ঃ (১) টিকাদান-ক) গবাদিপ্রাণি- ৩৯০৯ টি। পোল্ট্রি- ৪১,৫০০টি (২) চিকিৎসা (ক) গবাদি প্রাণি-১৩৬৮টি (খ) পোল্ট্রি-১২৩৯৪টি এবং (৩) কৃত্রিম প্রজনন-১৩৯৬টি। পরিশেষে তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | আসন্ন শীত মৌসুমে হাস মুরগি ও গবাদি পশুর রোগ ব্যাধি নিরসনে উপজেলা প্রাণিসম্পদ বিভাগকে সতর্ক থাকতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, এ উপজেলায় বিভিন্ন ইউনিয়নে মৎস্য চাষীদের পুকুর পরিদর্শন করে মাছ চাষ বিষয়ক পরামর্শ প্রদান অব্যহত রয়েছে। এ বছর "মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২১" গত ০৪ অক্টোবর ২০২১ হতে ২৫ অক্টোবর ২০২১ পর্যন্ত মোট ২২ দিন সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ ছিল। এ উপজেলায় "মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২১" যথযথভাবে পালন করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভায় অবহিত করেন। | খামারিদের সুপরামর্শ ও মাছের রোগ বালাই প্রতিরোধে দাপ্তরিক গতিশীলতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, শাজাহানপুর, বগুড়া। |
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে ক্লাসে পাঠদান কার্যক্রম পরিচালনা অব্যহত আছে। শিক্ষক শিক্ষার্থীদের মুখে মাস্ক পরা, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার, সামাজিক দুরুত্ব বজায় রাখাসহ সকল নির্দেশনা মেনে ক্লাস পরিচালনা জন্য বিদ্যালয়সমূহে নির্দেশনা দেয়া হয়েছে এবং সে অনুযায়ি স্কুলগুলো মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। সকল বিদ্যালয়ে স্কুল ম্যানেজমেন্ট কমিটি (SMC) আগামী ডিসেম্বর ২০২১ এর মধ্যে সম্পন্ন করার লক্ষে এসএমসি গঠন কার্যক্রম অব্যহত রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | করোনা ভাইরাস প্রতিরোধে বিদ্যালয়গুলোতে জীবাণুমুক্তকরণ ও সুরক্ষা সামগ্রী সংরক্ষণ ও যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | ০১। উপজেলা শিক্ষা কর্মকর্তা,<br>০২। সহকারি উপজেলা শিক্ষা অফিসার।<br>০৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |
| ০৮ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান, প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় প্রান্তিক জনগোষ্ঠীর ১০টি পেশা যথা কামার, কুমার, নাপিত, বাঁশ ও বেতপণ্য প্রস্তুতকারক, কাঁসা/পিতলপণ্য প্রস্তুতকারক, জুতা মেরামতকার, লোকজ যন্ত্র (একতারা, দোতরা, বাঁশি, মন্দিরা) লোকজ শিল্পী (বাউল, গম্ভীরা, কীর্তন, ঢপ, ভাষান/জারি, নকশীকাঁথা শিল্প, শীতল পাটি, শতরন্ধি এর অনলাইনর জরিপ কার্য সম্পন্ন করা হয়েছে। তিনি আরও জানান, আরএসএস সুদমুক্ত ক্ষুদ্রঋণ, এসিডদগ্ধ প্রতিবন্ধী ঋণ ও আশ্রায়ন প্রকল্পের ঋণ কার্যক্রম চলমান রয়েছে। সক্রিয় সেচ্ছাসেবী প্রতিষ্ঠান, এতিমখানা, রোগী | দাপ্তরিক কার্যক্রমে অধিক গতিশীলতা আনয়ন এবং যত্নবান হতে হবে। | সমাজ সেবা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কল্যাণ সমিতি কার্যক্রম, দুরারোগ্য ব্যধীতে আক্রান্ত (ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইসড ও জন্মগত হৃদরোগে) রোগীদের আর্থিক সহায়তা কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | | |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, এ উপজেলার প্রান্তিক পর্যায়ে মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিতকরণে তার দপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম সভায় তুলে ধরেন। পরিবার পরিকল্পনা গ্রহণকারি মোট সক্ষম দম্পতি- ৮১,২০৬, মোট গ্রহণকারি- ৬৭১২৪, গ্রহণকারির হার ৮২.৬৬%। | পরিবার পরিকল্পনা বিভাগের মানসম্মত সেবা নিশ্চিতকরণে এ বিভাগকে সচেতন থাকতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, গত ১৪ নভেম্বর ২০২১ হতে দেশব্যাপি এসএসসি, দাখিল পরিক্ষা শুরু হয়েছে এবং ০২ ডিসেম্বর ২০২১ তারিখ হতে এইচএসসি, দাখিল ও সমমানের পাবলিক পরীক্ষা শুরু হবে। কোভিড-১৯ এর কারণে এ বছর পরীক্ষার সময় ও নম্বর হ্রাস করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ করা হবে। তিনি সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা সম্পন্ন করতে উপস্থিত সকলের সার্বিক সহযোগীতা কামনা করেন। | স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ এবং পরীক্ষা কেন্দ্রসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, জীবাণুমুক্তকরণ ও সুরক্ষা সামগ্রী ব্যবহার নিশ্চিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ২০২১-২০২২ ভিজিডি চক্রের উপকারভোগীদের অক্টোবর ২০২১ মাসের খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার, ভিজিডি ভিজিএফসহ সকল খাদ্য কর্মসূচীর চাল বিতরণের সময় উপজেলায় দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার অনুরোধ জানান। এ সংক্রান্ত কোন অনিয়ম লক্ষ্য করা হলে তদারকি কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে তিনি সভায় অবহিত করেন। | ভিজিডি, ভিজিএফসহ সকল খাদ্য কর্মসূচীর উপকারভোগীদের চাল বিতরণের সময় ট্যাগ অফিসারগণ উপস্থিত থেকে বিতরণ কার্যক্রম তদরকি করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১২ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার জানান, শাজাহানপুর উপজেলাধীন ১১১টি প্রাথমিক এবং বিআরডিবি ভুক্ত কেন্দ্রীয় সমিতি ১টি ও প্রাথমিক ২১টি। লক্ষমাত্রা অনুযায়ি নভেম্বর/২১ মাসে ৬৯টি প্রাথমিক সমবায় সমিতি লিঃ এর অডিট কার্য সম্পন্ন হয়েছে। একটি আশ্রায়ন প্রকল্প (ফেজ-২) প্রকল্প আছে, যা ডোমনপুকুর আশ্রায়ন প্রকল্প (ফেজ-২) নামে পরিচিত। উক্ত প্রকল্পের ৩২ জন সদস্যকে ৪,৫০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। সার্ভিস চার্জ আদায় ৩৪,৯৯৪/- টাকা। তিনি আরও জানান, বাংলাদেশ সমবায় একাডেমী, কোড বাড়ী, কুমিল্লায় ০৩ জন প্রশিক্ষণার্থী ইলেকট্রনিক্স ট্রেডে প্রশিক্ষণ এবং ইনস্টিটিউট নওগাঁয় ০৬ জন প্রশিক্ষণার্থী বিভিন্ন ট্রেডে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | আশ্রায়ন প্রকল্পের সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষন কর্যক্রম এবং প্রশিক্ষণ পরবর্তি প্রয়োজনীয় সহযোগীতা অব্যহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৩ | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা জানান, এ উপজেলায় অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন (১১টি গৃহ) নির্মান প্রকল্পের কাজ দ্রুত শুরু করার নিমিত্তে অংশগ্রহণকারী দরদাতাদের মধ্যে হতে | দুর্ঘনায় আহত ও নিহত ব্যক্তির তথ্য তাৎক্ষনিকভাবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তরে প্রেরণ | ০১। উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা ০২। ইউপি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | লটারীর মাধ্যমে ঠিকাদার নির্ধারণ করা হয়েছে। তিনি আরও বলেন, উপজেলার বিভিন্ন এলাকায় আকস্মিক দূর্ঘটনা যেমন সড়ক দূর্ঘটনা, অগ্নিকান্ড, বজ্রপাত ও ঘূর্ণিঝড়ের কবলে পড়ে আহত ও নিহত ব্যক্তির ব্যক্তিগত তথ্য সময়মত না পাওয়ায় ক্ষতিগ্রস্থ পরিবারকে আর্থিক সহায়তার প্রদানের নিমিত্ত জেলায় পাঠানো বিলম্ব হয়। তিনি দূর্ঘনায় আহত ও নিহত ব্যক্তির তথ্য তাৎক্ষনিকভাবে তার দপ্তরে প্রেরণের জন্য জনপ্রতিনিধিদের প্রতি অনুরোধ জানান। | নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান (সকল) |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা অবহিত করেন, প্রতিবছরের ন্যায় এবারও শাজাহানপুর উপজেলায় দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়েছে। সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে র‍্যালী, আলোচনা সভা, ঋণের চেক বিতরণ, গাছের চারা বিতরণ ও সনদ পত্র বিতরণ কর্মসূচী পালন করা হয়েছে। তিনি আরও জানান, চলতি অর্থ বছরে ইমপ্যাক্ট প্রকল্প ফেজ-২ এর আওতায় বায়োগ্যাস প্লান্টের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্লান্ট বাস্তবায়ন ও যুব ঋণ কার্যক্রম অব্যহত রয়েছে। ইমপ্যাক্ট প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় একটি অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প। তিনি বায়োগ্যাস প্লান্টের সুফল জনগনের মধ্যে পৌছে দেয়ার জন্য উপস্থিত সকল সুধীজনকে অনুরোধ জানানো হয়। | যুব প্রশিক্ষণ ও ঋণ কর্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, বিভিন্ন কর্মসূচি এবং প্রকল্প থেকে নভেম্বর ২০২১ মাসে সঞ্চয় আদায় ৩১,০০০/- টাকা, ঋণ আদায় ১৪,৮৬,০০০/- টাকা এবং ঋণ বিতরণ হয়েছে ১৮,৭০,০০০/- টাকা ২০২০-২০২১ অর্থ বছরে সঞ্চয় আদায় ১,৮৮,০০০/- টাকা, ঋণ আদায় হয়েছে ৩৯,৭২,০০০/- টাকা এবং ঋণ বিতরণ ৫৩,৫৪,০০০/- টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ হয়েছে ৫,৮১,৮৫,০০০/- টাকা, ঋণ আদায় হয়েছে ৪,৭১,৭২,০০০/- টাকা শেয়ার আমানত ৩,৪৫,০০০/- টাকা এবং সঞ্চয় আমানত ৩৮,০০০/- টাকা। তিনি আরও জানান, তার দপ্তরের বিভিন্ন প্রকল্পের ৩৪,৮২,০০০/- টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপি অবস্থায় রয়েছে। টাকা আদায়ের জন্য জোর তাগিদ দেয়া হয়েছে। উক্ত অর্থ আদায়ে উপজেলা প্রশাসন, জনপ্রতিনিধিসহ সকলের সহযোগীতা কামনা করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | ০১। সফলভাবে পরিচালনার জন্য সমিতিগুলো সচল রাখতে হবে। ঋণ বিতরণ ও আদায়ের হার বৃদ্ধি করতে হবে।<br>০২। খেলাপি ঋণ আদায়ের জন্য জোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৬ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ২৬টি করে মোট ২৩৪টি বরাদ্দকৃত নলকূপের বিভাজন সম্পর্কে আলোচনা করেন এবং নলকূপ বিভাজন নীতিমালা অনুযায়ী "ওয়াটসান কমিটি" কর্তৃক অগ্রাধিকার তালিকা প্রেরনের জন্য ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নলকূপ সরকারি নীতিমালার আলোকে ইউনিয়ন ওয়াটসান কমিটি ও উপজেলা ওয়াটসান কমিটির সুপারিশ মোতাবেক বিভাজনের সিদ্ধান্ত গৃহিত হলো। | ১। উপসহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ১৭ | বিবিধ-০১ | উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয় বলেন, গত ০১ আগস্ট ২০২১ তারিখে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী | উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামতের নিমিত্ত উপজেলা পরিষদের রাজস্ব | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামতের জন্য কোটেশন দরপত্র আহবান করা হলে ৩টি কোটেশন দরদাতা প্রতিষ্ঠানের মধ্যে হতে সর্বনিম্ন দরদাতার দাখিলকৃত দর ৩,৮৬,৪০০/- টাকা দরপত্র উন্মুক্তকরণ ও বাছাই কমিটি কর্তৃক সর্বনিম্ন দর হিসেবে বিবেচিত হয়েছে এবং বিআরটিএ, বগুড়া কর্তৃক সর্বনিম্ন দরদাতার বিষয়ে প্রত্যয়নপত্র দাখিল করেছেন যা, পরবর্তী কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। | তহবিল হতে ৩,৮৬,৪০০/- (তিন লক্ষ ছিয়াশি হাজার চারশত) টাকা ব্যয়ে স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমতির লক্ষে ব্যয় নির্বাহের সুপারিশ প্রেরণ করতে হবে। | |

**১৮। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ছক মোতাবেক ব্যয়িত অর্থ সভায় অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করা হয় :**

| ক্র.ন. | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মাস্টাররোলে নিয়োজিত ০১ জন মালির অক্টোবর ২০২১ মাসের মজুরি বাবদ | ১৪,৩০০/- | |
| ০২ | মাস্টাররোলে নিয়োজিত ০১ জন পরিচ্ছন্ন কর্মীর অক্টোবর ২০২১ মাসের মজুরি বাবদ | ১৩,৩০০/- | |
| ০৩ | উপজেলা পরিষদের জুন/২১ হতে সেপ্টেম্বর/২১ মাসের ইন্টারনেট বিল বাবদ | ১,৮৩৮/- | |
| ০৪ | উপজেলা পরিষদের জুন/২১ হতে অক্টোবর/২১ মাসের ইন্টারনেট বিল বাবদ | ১৭,৫০০/- | |
| ০৫ | উপজেলা পরিষদের অক্টোবর/২১ মাসের আপ্যায়ন ও আনুষাংগিক বিল বাবদ | ৪২,৭৭০/- | |
| ০৬ | উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যাদ্বয়ের আগস্ট ২০২১ ও সেপ্টেম্বর ২০২১ মাসের ভ্রমন ভাতা বিল বাবদ | ৫৭,৩৫৫/- | |

সিদ্ধান্ত : বিস্তারিত পর্যালোচনান্তে উপর্যুক্ত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/১১/২১

মোঃ সোহরাব হোসেন
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাজাহানপুর, বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাজাহানপুর, বগুড়া।

স্মারক নং-০৫.৫০.১০৮৫.০০০.১৪.০০৩.১৮- ৯৯৬ (৩৫)

তারিখ ঃ ০৭ অগ্রহায়ণ ১৪২৮ ব. / ২২ নভেম্বর ২০২১ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৪২-বগুড়া-৭
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪। জেলা প্রশাসক, বগুড়া
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বগুড়া
০৭। উপজেলা প্রকৌশলী, শাজাহানপুর, বগুড়া
০৮। ..........................................................................
০৯। অফিস নথি

২২/১১/২১

আসিফ আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া
ফোন ঃ ০৫১-৮২৪০০ (অফিস)